



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I

TERM – SECOND

SUBJECT- BENGALI WORKSHEET – 13

DATE – 09.06.2020

Topics – শরৎ (কবিতা), ক্ষান্তবুড়ি (কবিতা) ও বোধপরীক্ষন

১) এক কথায় উত্তর লেখোঃ

ক) শিউলির ডালে কী ভরে এল?

উঃ _____

খ) মৌমাছি দুই বেলা কোথায় খোঁজ নিয়ে যায়?

উঃ _____

গ) বরষণ শেষে কারা হাওয়ায় ভেসে বেড়ায়?

উঃ _____

ঘ) দিঘিতে কী ভরে ঢলঢল করছে?

উঃ _____

ঙ) কচি ধানগাছে কী ভরে আছে?

উঃ _____

চ) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির কয়টি বোন?

উঃ _____

ছ) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির বোনেরা কোথায় থাকে?

উঃ _____

জ) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির বোনেরা কাদের ভয়ে লোহা সিন্দুক লুকিয়ে থাকে?

উঃ _____

২) সঠিক উত্তরের পাশে ঠিক (✓) ও ভুল উত্তরের পাশে (×) বসাওঃ

ক) শরৎ আসায় আমলকী বন শীতে কাঁপতে থাকে। ()

খ) শরৎ কালে ঘাসের আগায় শিশির দেখা যায়। ()

গ) মৌমাছি তিন বেলা মালতীলতায় খোঁজ নিয়ে যায়। ()

ঘ) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির বোনেরা নুন দিয়ে ছাঁচি পান সাজে। ()

ঙ) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির বোনেরা ডালনায় চুন দেয়। ()

চ) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির বোনেরা শাড়িগুলো আলনায় রাখে। ()

ছ) শরৎ কালে যদিকে তাকাই ছুটির ছবি দেখতে পাই। ()

৩) নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

এক বনে বাস করত একদল কাক ও একদল ময়ূর। একদিন একটি কাক উড়ে যাওয়ার সময় ময়ূরের পেখম দেখে তার ভালো লাগল। এরপর সে ময়ূরের পেখম কুড়িয়ে নিয়ে নিজের গায়ে লাগিয়ে ময়ূরের দলে যোগ দিল। ময়ূরের দল চিনতে পেরে তাকে তাড়িয়ে দিল। সে ফিরে গেল কাকের দলে, তারাও ময়ূর ভেবে তাকে তাড়িয়ে দিল। সে মনের দুঃখে একাই থাকতে লাগল।

ক) খালি ঘরে লেখোঃ

সে মনের _____ একাই থাকতে লাগল।

খ) বাক্য রচনা করোঃ

ময়ূর – _____।

গ) ঠিক বা ভুল লেখো:

১) এক বনে বাস করত একদল কাক ও একদল শেয়াল। _____

২) ময়ূরের দল চিনতে পেরে কাককে তাড়িয়ে দিল। _____

ঘ) কাকের কী ভালো লেগেছিল?

উ: _____।